# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ
# এনজিও খাতের জন্যে প্রস্তাবিত খসড়া কর্মপরিকল্পনা*

বাংলাদেশে মানবহিতৈষী ও স্বেচ্ছাসেবামূলক জনকল্যাণকর কাজের একটি ঐতিহ্য রয়েছে। ১৯৭১ সালে যুদ্ধোত্তর বিপর্যস্ত অর্থনৈতিক পরিস্থিতি এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আন্তর্জাতিক সহায়তা এবং স্বতঃপ্রণোদিত ও নিবেদিতপ্রাণ কিছু মানুষের জনসেবার মনোবৃত্তি এনজিও খাতের পরিচিতি ও প্রসার ঘটায়। গত ৪৩ বছরে দেশের উন্নয়নে, সমাজ পরিবর্তনে ও অধিকার আদায়ে এনজিও খাতের অর্জন সর্বমহলে স্বীকৃত। দারিদ্র্য বিমোচন, মানবাধিকার, অনানুষ্ঠানিক শিক্ষা, স্বাস্থ্য সেবা, নারীর ক্ষমতায়ন, সুশাসন, দুর্নীতি প্রতিরোধ, তথ্যাধিকার, পরিবেশ সংরক্ষণ, কর্মসংস্থান, আদিবাসী ও ক্ষুদ্র ধর্মীয় ও জাতিগোষ্ঠীর অধিকার রক্ষা সহ অনেক বিষয়ে এনজিও খাত সরকারের সম্পূরক শক্তি হিসেবে নিরন্তর কাজ করছে। এনজিও খাতের ব্যাপক বিস্তৃতি, এর সাফল্য ও সার্বিকভাবে উন্নয়ন ও সমাজ পরিবর্তনে এর প্রভাব যেরূপ সর্বজনবিদিত, তেমনি দীর্ঘ পথ পরিক্রমায় এই খাতেও জমেছে সুশাসনের বহুমুখী সমস্যা ও চ্যালেঞ্জ।

এই প্রেক্ষিতে ২০১২ সালে সরকার কর্তৃক প্রণীত 'জাতীয় শুদ্ধাচার কৌশল' (ন্যাশনাল ইন্টিগ্রিটি স্ট্র্যাটেজি - এনআইএস) এ 'এনজিও ও সুশীল সমাজ' অন্তর্গতকরণ একটি সময়োচিত পদক্ষেপ। জাতীয় শুদ্ধাচার কৌশলের কার্যকর বাস্তবায়নে একদিকে যেমন কৌশলপত্রে অন্তর্ভুক্ত অন্যসকল প্রতিষ্ঠান/ক্ষেত্রসমূহের যথাযোগ্য কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে চাহিদা-সৃষ্টিকারী হিসেবে এনজিও খাতের ভূমিকা রয়েছে, তেমনি এনজিও খাতের নিজস্ব শুদ্ধাচার নিশ্চিতকরণেও এ খাতকে পালন করতে হবে সুনির্দিষ্ট সময়াবদ্ধ ভূমিকা। আর তাই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এনজিওসমূহের জন্য এ খসড়া কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট সকলের বিবেচনার জন্য উপস্থাপন করা হল।**

| **ক্রমিক নম্বর** | **কার্যক্রম** (এনআইএস মোতাবেক) | **কর্মসম্পাদন সূচক** (এনআইএস মোতাবেক) | **করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত)** | **দায়িত্ব** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | **সময়সীমা***** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | **সহায়তা/ সমন্বয়/ অনুমোদন** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| ১) | সরকারি নীতিনির্ধারণমূলক ও অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মসূচি ও কর্মকাণ্ডের বিষয়ে এনজিও'র সঙ্গে অধিকতর মিথস্ক্রিয়ার (ইন্টারঅ্যাকশন) সুযোগ সৃষ্টি | আয়োজিত সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়ামে সুশীল সমাজের সদস্যবৃন্দ, এনজিও ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের অংশগ্রহণ; সুশীল সমাজের পরামর্শদান, তাদের গবেষণামূলক কাজ ও বুদ্ধিবৃত্তিক চর্চার বিকাশ | **বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক নীতিগত সিদ্ধান্ত গ্রহণ এবং কর্মসূচি বাস্তবায়ন প্রক্রিয়ায় এনজিও'র গবেষণা তথ্য ও পরামর্শ সহায়তা গ্রহণ**<br>- এনজিওসমূহের বিষয়ভিত্তিক কার্যক্রম ও গবেষণালব্ধ জ্ঞানকে কাজে লাগাতে নিয়মিত দ্বিপাক্ষিক আলোচনা/মতবিনিময়<br>- জিও-এনজিও মিথস্ক্রিয়া ফোরাম (জিও-এনজিও ইন্টারঅ্যাকশন ফোরাম - জিএনআইএফ) প্রতিষ্ঠা ও কার্যকর করা<br>- সরকার ও এনজিও প্রতিনিধিদের মধ্যে আলোচনা সাপেক্ষে জিএনআইএফ'র কর্মপরিধি (টার্মস অব রেফারেন্স) ও প্রক্রিয়া প্রণয়ন ও তদনুযায়ী বাস্তবায়ন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ এনজিও বিষয়ক ব্যুরো | স্বল্পমেয়াদ | প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ |
| | | | **এনজিওসমূহের সুপারিশের ইতিবাচক মূল্যায়ন এবং তার ভিত্তিতে জাতীয় নীতিমালায় পরিবর্তনের সুস্পষ্ট উদাহরণ সৃষ্টি**<br>- জাতীয় নীতিমালা প্রণয়নে/সংস্কারে সরকারের পক্ষ থেকে এনজিওদের পরামর্শ আহ্বান ও সক্রিয় বিবেচনার জন্য বিভিন্ন যৌথ উদ্যোগ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ এনজিও বিষয়ক ব্যুরো | চলমান | প্রধানমন্ত্রীর কার্যালয়, জিএনআইএফ |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (এনআইএস মোতাবেক) | কর্মসম্পাদন সূচক (এনআইএস মোতাবেক) | করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত) | দায়িত্ব (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সময়সীমা*** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সহায়তা/ সমন্বয়/ অনুমোদন (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| | | | **সরকারি কর্মসূচি বাস্তবায়নে সহযোগীর ভূমিকার সাথে সাথে নীতিগত আলোচনা-পর্যালোচনায় এনজিও নেতৃত্বের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণ**<br><br>- নীতিগত আলোচনা-পর্যালোচনা বিষয়ক সরকার আয়োজিত সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালায় এনজিও প্রতিনিধিদের নিয়মিত অংশগ্রহণের সুযোগ ও প্রক্রিয়া প্রাতিষ্ঠানিকীকরণ করা | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ এনজিও বিষয়ক ব্যুরো | চলমান | মন্ত্রিপরিষদ বিভাগ, জিএনআইএফ |
| | | | **<u>এনজিও কার্যক্রমে সহায়তা: এনজিও বিষয়ক ব্যুরো</u>**<br><br>**এই ব্যুরোর প্রাতিষ্ঠানিক ও পেশাগত সামর্থ্যের উন্নয়ন করা, এনজিও কর্মকাণ্ড সমন্বয় এবং পরিবীক্ষণ করা এবং সকল তথ্য হালনাগাদ করে জনগণের জন্য প্রকাশ**<br><br>- গৃহীত কার্যক্রম (অনুমোদিত সৃষ্ট পদে জনবল নিয়োগ, ব্যুরোর উন্নয়ন প্রকল্প) দ্রুত বাস্তবায়ন করা<br>- নিরীক্ষা ইউনিটে দক্ষ জনবল বৃদ্ধি<br>- মাঠ পর্যায়ে এনজিও'র কার্যক্রমের পরিবীক্ষণে সামর্থ্য ও পেশাগত যোগ্যতা বৃদ্ধি<br>- মাঠপর্যায় থেকে আগত জেলা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত 'এনজিও বিষয়ক মাসিক সভা'র প্রতিবেদনের ওপর ভিত্তি করে বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন<br>- ব্যুরোর কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ<br>- এনজিও বিষয়ক ব্যুরোর জনবলের পেশাগত উৎকর্ষ বৃদ্ধির লক্ষ্যে নৈতিক আচরণবিধি প্রণয়ন এবং ইতিবাচক ও নেতিবাচক প্রণোদনার যৌক্তিক সংমিশ্রণে নীতিমালা গ্রহণ ও কার্যকর করা | এনজিও বিষয়ক ব্যুরো | মধ্যমেয়াদ | প্রধানমন্ত্রীর কার্যালয়, জিএনআইএফ |
| | | | **<u>এনজিও কার্যক্রমে সহায়তা: স্থানীয় প্রশাসন</u>**<br><br>**এনজিও পরিবীক্ষণে ও প্রণোদন সৃষ্টিতে জেলা ও উপজেলা প্রশাসনের কার্যকর অংশগ্রহণ**<br><br>- জেলা ও উপজেলা প্রশাসনের ওপর এনজিও সম্পর্কিত অর্পিত দায়িত্ব পালনে সক্ষমতা বৃদ্ধি করা<br>- জেলা পর্যায়ে এটি অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও শিক্ষা) সমন্বয় করতে পারেন | জেলা ও উপজেলা প্রশাসন | মধ্যমেয়াদ | প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জিএনআইএফ |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (এনআইএস মোতাবেক) | কর্মসম্পাদন সূচক (এনআইএস মোতাবেক) | করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত) | দায়িত্ব (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সময়সীমা*** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সহায়তা/ সমন্বয়/ অনুমোদন (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| | | | - স্থানীয় পর্যায়ে এনজিও কার্যক্রম পরিবীক্ষণের জন্য এনজিও প্রতিনিধিদের সাথে আলোচনা সাপেক্ষে এবং পেশাগত সহায়তায় পরিবীক্ষণ সূচক ও পদ্ধতি নির্ধারণ ও অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় তার প্রয়োগ করে নিয়মিত প্রতিবেদন তৈরি | | | |
| | | | **এনজিও কার্যক্রমে সহায়তা: সমাজ সেবা অফিস**<br>**এনজিও কার্যক্রম পরিবীক্ষণে সমাজ সেবা অফিসের সক্রিয় ও কার্যকর অংশগ্রহণ**<br>- জিএনআইএফ'এ সমাজ সেবা অফিসের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করে কার্যকর করা<br>- নিবন্ধিত এনজিওসমূহের কর্মসূচি পরিবীক্ষণ জোরদার | সমাজ সেবা অফিস | স্বল্পমেয়াদ | সমাজকল্যাণ মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জিএনআইএফ |
| ২) | এনজিওদের প্রাতিষ্ঠানিক কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন | এনজিও ও স্থানীয় সরকারি প্রতিষ্ঠানের নিকট দাখিলকৃত রিপোর্ট কার্ড; বাৎসরিক বাজেট জনসমক্ষে প্রকাশ; ওয়েবসাইটে নিয়মিতভাবে কার্যক্রম উপস্থাপন | **এনজিও খাতের জন্য একটি এথিকস কমিটি গঠন, যাদের মধ্য থেকে এনজিও খাত সম্পর্কিত সংক্ষুব্ধ ব্যবস্থাপনার জন্য একজন ন্যায়পাল নিযুক্ত হবেন**<br>- কমিটি গঠনের উদ্দেশ্যে এনজিও নেতৃত্ব নিজেরা আলোচনা করে এর লক্ষ্য, উদ্দেশ্য, পরিধি, দায়িত্ব ও ক্ষমতা নির্ধারণ করবে<br>- ৯-১১ সদস্যবিশিষ্ট কমিটি প্রস্তাব করা হচ্ছে (আলোচনার মাধ্যমে প্রকৃত সদস্য সংখ্যা নির্ধারণ করা হবে)<br>- কমিটিতে এনজিও নেতৃত্ব এবং এনজিও বহির্ভূত এ খাতে অভিজ্ঞতাসম্পন্ন সুশীল সমাজের প্রতিনিধি থাকতে পারে<br>- এই কমিটিতে নেটওয়ার্কিং এনজিও/আমব্রেলা বডির প্রতিনিধি থাকবে<br>- ন্যায়পালের জন্য পৃথক 'টার্মস অব রেফারেন্স' প্রস্তুত করা হবে<br>- এথিকস কমিটি ও ন্যায়পাল স্বেচ্ছাসেবার ভিত্তিতে কাজ করবে | এনজিওসমূহ | স্বল্পমেয়াদ | এনজিও বিষয়ক ব্যুরো |
| | | | **সংস্থার কর্মসূচি ও বাজেট, নিরীক্ষা প্রতিবেদন, পরিবীক্ষণ ও মূল্যায়নের সর্বশেষ হালনাগাদকৃত তথ্য ও প্রতিবেদন তৈরি**<br>- ওয়েবসাইট তৈরি<br>- সকল হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে/প্রতিবেদনে প্রকাশ<br>- তথ্য প্রকাশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ ও অবহিতকরণ | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি ও দাতা সংস্থা |
| | | | **সকল ধরনের কর্মসূচি ও আর্থিক প্রতিবেদন তৈরি** | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও বিষযক ব্যুরো/সংশ্লিষ্ট |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (এনআইএস মোতাবেক) | কর্মসম্পাদন সূচক (এনআইএস মোতাবেক) | করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত) | দায়িত্ব (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সময়সীমা*** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সহায়তা/ সমন্বয়/ অনুমোদন (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| | | | - এই সকল প্রতিবেদন নিয়মিতভাবে এনজিও বিষয়ক ব্যুরোতে/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ এবং ওয়েবসাইটসহ অন্য মাধ্যমে প্রকাশ | | | মন্ত্রণালয় |
| | | | **স্থানীয় পর্যায়ের প্রশাসন ও স্থানীয় সরকারের সাথে কর্মসূচি ব্যবস্থাপনা ও সমন্বয় নিয়ে আলোচনা**<br><br>- এনজিও কর্মসূচির সমন্বয় ও সহায়তার জন্য জেলা ও উপজেলা প্রশাসনের এবং স্থানীয় সরকারের ওপর অর্পিত দায়িত্ব পালনে তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা<br>- এসব প্রতিষ্ঠান কর্তৃক এনজিওদের সাথে মাসিক সভার উদ্দেশ্য, কর্মপরিধি ও পদ্ধতি সুনির্দিষ্টকরণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক রূপ দান | সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন | স্বল্পমেয়াদ | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| | | | **এনজিও এবং এর কার্যক্রম সংক্রান্ত তথ্য প্রকাশের ব্যবস্থা**<br><br>- তথ্যপ্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা<br>- আইনানুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন ও কার্যকর করা<br>- চাহিদার প্রেক্ষিতে তথ্য প্রদানের জন্য সংস্থার সক্ষমতা বৃদ্ধি করা<br>- তথ্য প্রকাশ বিষয়ে গৃহীত পদক্ষেপের উপর বাৎসরিক প্রতিবেদন তৈরি<br>- জনগণের মধ্যে এনজিও সম্পর্কিত তথ্য চাহিদা তৈরির জন্য তথ্য অধিকার আইন ব্যাপকভাবে প্রচার | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি, এনজিও বিষয়ক ব্যুরো এবং দাতা সংস্থা |
| ৩) | এনজিও'র অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নয়ন | এনজিওদের সেবাপ্রদানকারী, সেবাগ্রহীতাদের সংগঠনের পদ্ধতি, উদ্দেশ্য সম্পর্কে সুষ্ঠু তথ্য লাভ ও অনুসরণ | **ব্যক্তি, পরিবার, গোষ্ঠী বা অঞ্চল কেন্দ্রিকতা রোধে এনজিও'র গভর্নিং বডি/ বোর্ড/ পরিচালনা পর্ষদের সদস্যদের স্বচ্ছতা নিশ্চিতকরণ**<br><br>- কমিটি'র সদস্যদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ের পরিধি নির্ধারণসহ 'গভার্নেন্স ম্যানুয়েল' প্রণয়ন ও অনুসরণ<br>- এনজিও খাতের নীতি নির্ধারণ ও কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের জন্য স্বার্থের দ্বন্দ্ব সম্পর্কিত নীতিমালা প্রণয়ন<br>- গভর্নিং বডির সদস্যদের পারস্পরিক সম্পর্ক, পেশাগত পরিচয়/আয়ের উৎস ও সম্পদ বিবরণী সহ স্বতঃপ্রণোদিত তথ্যপ্রকাশ | এনজিও | মধ্যমেয়াদ | এনজিও এথিকস কমিটি |
| | | | **একক কর্তৃত্বপূর্ণ নেতৃত্ব পরিহার**<br><br>- এনজিওসমূহে গভর্নিং বডি ও নির্বাহী কর্তৃপক্ষের মধ্যে ভারসাম্য (চেক অ্যান্ড | এনজিও | দীর্ঘমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা, এনজিও |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (এনআইএস মোতাবেক) | কর্মসম্পাদন সূচক (এনআইএস মোতাবেক) | করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত) | দায়িত্ব (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সময়সীমা*** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সহায়তা/ সমন্বয়/ অনুমোদন (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| | | | ব্যালান্স) বজায় রাখা - গভর্নিং বডি নীতি নির্ধারণে ও প্রাতিষ্ঠানিক লক্ষ্য ও উদ্দেশ্য বিষয়ক সার্বিক দিক-নির্দেশনা দিবে এবং তদনুযায়ী নির্বাহী কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত করবে। অন্যদিকে নির্বাহী কর্তৃপক্ষ কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নসহ দৈনন্দিন ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে | | | বিষয়ক ব্যুরো |
| | | | **নৈতিক আচরণবিধি প্রণয়ন**<br><br>- এনজিও খাতের জন্য একটি নৈতিক আচরণবিধি প্রণয়ন করা, যার ওপর ভিত্তি করে এনজিওসমূহ নিজস্ব আচরণবিধি প্রণয়ন করবে<br>- নৈতিক আচরণবিধির মধ্যে অন্তর্ভুক্ত হবে - সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও নৈতিকতা চর্চা, কর্মীদের আন্তঃসম্পর্ক, কর্মীদের সাথে প্রধান অংশীজনের সম্পর্ক, স্বার্থের দ্বন্দ্ব, আপ্যায়ন ও উপঢৌকন, এবং সংস্থা-বহির্ভূত কর্মকাণ্ড সম্পর্কিত বিষয় | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও বিষয়ক ব্যুরো |
| | | | **স্বতঃপ্রণোদিত হয়ে নিম্নলিখিত নীতিমালা প্রণয়ন ও যথাযথ পালন**<br><br>- অভ্যন্তরীণ গভর্নেন্স নীতিমালা<br>- অপারেশন গাইডলাইন<br>- তথ্য প্রকাশ নীতিমালা<br>- তথ্য প্রকাশকারীর সুরক্ষা নীতিমালা<br>- অংশীদারত্ব নীতিমালা<br>- জেন্ডার নীতিমালা<br>- মানবসম্পদ নীতিমালা<br>- ইন্টার্নশীপ নীতিমালা<br>- সংক্ষুব্ধ প্রক্রিয়া ব্যবস্থা<br>- প্রশাসন ও আর্থিক নীতিমালা<br>- ক্রয়নীতি<br>- অডিট নীতিমালা<br>- পরিবহণ নীতিমালা<br>- কর্মী কল্যাণ নীতিমালা<br>- পরিবেশ নীতিমালা<br>- শিশু বিষয়ক নীতিমালা | এনজিও | মধ্যমেয়াদ | এনজিও এথিকস কমিটি, এনজিও বিষয়ক ব্যুরো |

| ক্রমিক নম্বর | কার্যক্রম (এনআইএস মোতাবেক) | কর্মসম্পাদন সূচক (এনআইএস মোতাবেক) | করণীয়/চলমান পদক্ষেপ (প্রস্তাবিত) | দায়িত্ব (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সময়সীমা*** (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) | সহায়তা/ সমন্বয়/ অনুমোদন (এনআইএস মোতাবেক ও প্রস্তাবিত) |
|---|---|---|---|---|---|---|
| | | | **এই সকল নীতিমালা প্রণয়নে নির্বাহী প্রধান গভর্নিং বডির পরামর্শ নিয়ে তা প্রণয়নে কর্মীদের সম্পৃক্ত করবেন**<br><br>- সংশ্লিষ্ট এনজিও এই সকল নীতিমালা এনজিও এথিকস কমিটির সাথে শেয়ার করবে<br>- এনজিও এথিকস কমিটি এনজিওদের এই সকল নীতিমালা প্রণয়নে ও বাস্তবায়নে দিক-নির্দেশনা দিবে<br>- সকল নীতিমালা ওয়েবসাইটসহ অন্য মাধ্যমে প্রকাশ করা | | | |
| | | | **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার এবং সে অনুযায়ী কর্মসূচি ও আর্থিক কাঠামো পরিচালনা**<br><br>- বাৎসরিক বহিঃনিরীক্ষা প্রতিবেদন, আর্থিক বাজেটের সার-সংক্ষেপ, তহবিলদাতাদের নাম ইত্যাদি বিষয়ে তথ্যপ্রকাশ নীতিমালা অনুযায়ী তথ্য প্রকাশ করা<br>- বাৎসরিক বহিঃনিরীক্ষা প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি, এনজিও বিষয়ক ব্যুরো |
| | | | **কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন**<br><br>- প্রকল্প বাস্তবায়নে পরিবীক্ষণ ও মূল্যায়ন ইউনিট/ সাব-কমিটি গঠন<br>- এ বিষয়ে অর্থ সংকুলান সাপেক্ষে সংস্থার সামর্থ্য অনুযায়ী দক্ষতা বৃদ্ধি করা | এনজিও | মধ্যমেয়াদ | এনজিও এথিকস কমিটি, এনজিও বিষয়ক ব্যুরো, দাতা সংস্থা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | **অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া এবং বহুকেন্দ্রিক ক্ষমতাকাঠামো প্রতিষ্ঠা; ঊর্ধ্বতন কর্মকর্তা ও নিম্ন পর্যায়ের বিশেষ করে মাঠ কর্মীদের মধ্যে দূরত্ব হ্রাস এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের জবাবদিহিতা নিশ্চিত করতে ন্যায়পাল প্রতিষ্ঠা**<br><br>- সংস্থার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কর্মীদের অংশগ্রহণ বৃদ্ধি<br>- সংস্থার কর্মীদের মধ্যে বিভিন্ন পর্যায়ে নেতৃত্ব বিকাশের উদ্যোগ<br>- মানবসম্পদ ব্যবস্থাপনার অধীনে কর্মীদের বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা এবং দায়বদ্ধতা নির্ধারণ করা ও নিয়মিত হালনাগাদ করা<br>- এনজিও/নেটওয়ার্কিং এনজিও'র গভর্নিং বডির সদস্যদের মধ্যে থেকে বা অন্য কোনো সৎ ও যোগ্য ব্যক্তিকে প্রাতিষ্ঠানিক ন্যায়পাল নিয়োগ করা | এনজিও/ নেটওয়ার্কিং এনজিও | মধ্যমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |
| | | | **সংস্থার বিভিন্ন পর্যায়ে যথাযথ অভ্যন্তরীণ সংক্ষুব্ধি ব্যবস্থাপনা**<br><br>- নির্বাহী প্রধানের নেতৃত্বে সংস্থার কর্মীদের প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণে একটি সংক্ষুব্ধি ব্যবস্থাপনা কমিটি/সাব-কমিটি গঠন<br>- এই কমিটি/সাব-কমিটিতে আগত অভিযোগের ধরন এবং তা ব্যবস্থাপনাগত বিষয়ে বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন<br>- জেন্ডার নীতিমালাসহ অন্য সকল প্রাতিষ্ঠানিক নীতিমালা অনুসরণে বিচ্যুতির ক্ষেত্রে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |
| | | | **এনজিওসমূহে প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে নারী, প্রতিবন্ধী, আদিবাসী ও ধর্মীয় সংখ্যালঘু ও অন্যান্য সুবিধাবঞ্চিত বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ**<br><br>- এনজিও'র গঠনতন্ত্রে এবং নীতিমালায় প্রান্তিক জনগোষ্ঠীদের অগ্রাধিকার দিয়ে নিয়োগের সুযোগ সৃষ্টি<br>- এনজিও কার্যক্রমে প্রান্তিক জনগোষ্ঠীদের উন্নয়নের লক্ষ্যে বিশেষায়িত কর্মসূচি গ্রহণ ও সার্বিক কার্যক্রমে তাদের অধিকারের বিষয়ে গুরুত্ব প্রদান<br>- এই সকল নীতিমালা বাস্তবায়ন এবং যথার্থ কর্মপরিবেশ তৈরি করা | এনজিও | দীর্ঘমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো |
| ৪) | এনজিওসমূহের প্রমিত হিসাবরক্ষণ ও নিরীক্ষা-পদ্ধতি প্রবর্তন | প্রমিত হিসাবরক্ষণ ও নিরীক্ষা-পদ্ধতি প্রবর্তিত | **আর্থিক বিধিমালা**<br>**সংস্থার আর্থিক, ক্রয়-নীতি, সম্পত্তি ও কর্মীর হিসাব নিয়ন্ত্রণ, আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট অংশীজনদের কাছে প্রেরণ এবং সংস্থার হালনাগাদকৃত আর্থিক তথ্য প্রকাশ**<br><br>- মানসম্মত হিসাবরক্ষণ ম্যানুয়েল প্রণয়ন<br>- হিসাব সংরক্ষণে কম্পিউটারভিত্তিক সফটওয়ার ব্যবহার উৎসাহিত করা<br>- দশ হাজার টাকার উর্ধ্বে সব লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পাদন করা<br>- সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও কর প্রদান এবং তা যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে | এনজিও | মধ্যমেয়াদ | এনজিও বিষয়ক ব্যুরো, এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | জমাদান<br>- আর্থিক অনিয়মে 'জিরো টলারেন্স' নীতি বাস্তবায়ন<br>- বহিঃনিরীক্ষিত আর্থিক তথ্য বাৎসরিক ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশ<br>- 'মানি লন্ডারিং অ্যাক্ট' মেনে প্রযোজ্য ক্ষেত্রে বিধিমালা প্রণয়ন ও প্রয়োগ করা | | | |
| | | | **নিরীক্ষা বিধিমালা**<br>**সংস্থার মানসম্মত আর্থিক, কর্মসূচি ও প্রাতিষ্ঠানিক নিরীক্ষা ব্যবস্থা, নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট অংশীজনদের কাছে প্রেরণ এবং সংস্থার হালনাগাদকৃত নিরীক্ষা প্রতিবেদন প্রকাশ**<br><br>- মানসম্মত সুনির্দিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা নীতিমালা প্রণয়ন<br>- বাইরের নিরীক্ষকের মাধ্যমে নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন ও তা প্রধান অংশীজনকে (যেমন- এনজিও বিষয়ক ব্যুরো, এনবিআর ও দাতাসংস্থা) সরবরাহ<br>- সংস্থার হিসাব ব্যবস্থা নিয়মিত অভ্যন্তরীণ নিরীক্ষার আওতাধীন করা<br>- দাতাদের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী নিরীক্ষা ও আর্থিক প্রতিবেদন পেশ | এনজিও | মধ্যমেয়াদ | এনজিও বিষয়ক ব্যুরো, এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |
| ৫) | এনজিও-র নিয়োগে স্বচ্ছতা বিধানে প্রয়োজনীয় আইন/বিধি/ নীতিমালা প্রণয়ন | স্বচ্ছ নিয়োগনীতি প্রতিপালিত | **নৈতিক আচরণবিধি এবং জেন্ডার নীতিমালার আলোকে মানবসম্পদ নীতিমালা প্রণয়ন**<br><br>- নিয়োগ সংক্রান্ত তথ্য পর্যাপ্ত পরিমাণ প্রচার এবং স্বচ্ছ প্রক্রিয়ায় ও সমতা-ভিত্তিক প্রতিযোগিতার মাধ্যমে কর্মী নিয়োগ<br>- নিয়োগ প্রক্রিয়ায় প্রয়োজন সাপেক্ষে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ বহিঃপরীক্ষক হিসেবে সম্পৃক্ত করা | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |
| | | | **নিয়োগ, পদায়ন, বদলি, পদোন্নতি, চাকরিতে স্থায়ীকরণ ও চাকরিচ্যুতি এবং কর্মীর দক্ষতা উন্নয়ন ও প্রণোদনা ব্যবস্থায় স্বচ্ছতা ও প্রতিযোগিতা সৃষ্টি**<br>- কর্মদক্ষতা মূল্যায়ন ব্যবস্থার আধুনিকায়ন করা<br>- প্রতিযোগিতা, কর্মদক্ষতা, অভিজ্ঞতা ও মেধার ভিত্তিতে নিয়োগ, পদায়ন, পদোন্নতি, চাকরিতে স্থায়ীকরণ বিষয়ক সিদ্ধান্ত গ্রহণ<br>- আইন ও নিয়ম-শৃঙ্খলা অমান্য করা সহ সকল প্রকার অভিযোগের ক্ষেত্রে যথাযথ যাচাই-বাছাই করার জন্য কমিটি গঠন করে, অভিযোগকারী ও অভিযুক্ত সহ সকল পক্ষের মতামত সংশ্লিষ্ট সকল তথ্য উপাত্ত নির্ভর সম্পূর্ণ বস্তুনিষ্ঠ প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণ | এনজিও | স্বল্পমেয়াদ | এনজিও এথিকস কমিটি, দাতা সংস্থা |
| ৬) | এনজিও ও সরকারের উন্নয়ন কার্যক্রমের অপ্রয়োজনীয় দ্বৈততা পরিহার করে | সরকার ও এনজিওর উন্নয়ন কর্মসূচি সম্পূরক কার্যক্রম হিসাবে প্রতিষ্ঠিত | **এনজিওদের কর্মপরিকল্পনা প্রণয়নে ও কার্যক্রম গ্রহণে, সুবিধাভোগী নির্বাচনে, অগ্রাধিকারমূলক খাত নির্বাচনে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ**<br>- উপজেলা ও জেলা পর্যায়ের এনজিওসমূহ নিজ নিজ এলাকায় আন্তঃএনজিও সমন্বয় প্লাটফর্ম তৈরি করবে | এনজিও, স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার | দীর্ঘমেয়াদ | এনজিও বিষয়ক ব্যুরো, মন্ত্রিপরিষদ বিভাগ, |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | সম্পূরকতা ও সমন্বয় সাধন | | - এই প্লাটফর্ম এনজিও ও সরকারের উন্নয়ন কার্যক্রমের অপ্রয়োজনীয় দ্বৈততার বিষয়টি বিবেচনা করবে | | | প্রধানমন্ত্রীর কার্যালয়, জিএনআইএফ |
| | | | **এনজিও'র কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত পর্যাপ্ত তথ্য, স্থানীয় প্রয়োজন ও প্রাসঙ্গিক যুক্তি নির্ভর হতে হবে**<br>- আন্তঃএনজিও সমন্বয় প্লাটফর্ম তাদের সংগৃহীত তথ্যের ওপর ভিত্তি করে স্থানীয় পর্যায়ে এনজিও কার্যক্রম মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ করবে | আন্তঃএনজিও সমন্বয় প্লাটফর্ম | দীর্ঘমেয়াদ | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জিএনআইএফ |
| | | | **এনজিও'র কাজের ক্ষেত্র অর্থাৎ কে কোন বিষয়ে কাজ করবে তা নিবন্ধনের সময় নির্ধারণ**<br>- এনজিও'র গঠনতন্ত্র অনুযায়ী এনজিও কাজের ক্ষেত্র নির্ধারণ ও কর্মক্ষেত্র বিকাশে দ্বৈততা পরিহারের সর্বোচ্চ প্রয়াস নিশ্চিত করা | আন্তঃএনজিও সমন্বয় প্লাটফর্ম | দীর্ঘমেয়াদ | মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, জিএনআইএফ |

*** এনআইএস নীতিগতভাবে একটি বিকাশমান দলিল (লিভিং ডকুমেন্ট)। একইভাবে এনজিও খাতের জন্য প্রণীত কর্মপরিকল্পনাও সময়ের প্রয়োজনে পরিবর্তনশীল। অর্থাৎ এতে সময়ের বিবর্তন এবং প্রয়োজনের নিরিখে নতুন সিদ্ধান্ত ও কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের সুযোগ রাখা হয়েছে।**

**** এনজিও বিষয়ক ব্যুরোর পরামর্শে এই খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করে আইন ও সালিশ কেন্দ্র (আসক), গণস্বাক্ষরতা অভিযান, এফএনবি, এডাব, ব্র্যাক, মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ), প্রিপট্রাস্ট, অ্যাসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম অ্যান্ড ডেভেলপমেন্ট (এএলআরডি), নিজেরা করি, বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা), বাংলাদেশ নারী প্রগতি সংস্থা (বিএনপিএস) এবং ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। এ কাজে সমন্বয়ের ভূমিকা পালন করে টিআইবি।**

**** * স্বল্পমেয়াদ: ১ বছরের মধ্যে, মধ্যমেয়াদ: ৩ বছরের মধ্যে এবং দীর্ঘ মেয়াদ: ৫ বছরের মধ্যে। তবে উল্লিখিত করণীয় পদক্ষেপগুলোর অনেকগুলোই বিভিন্ন এনজিও বাস্তবায়ন করছে, যাদের জন্য সময়সীমা তাৎপর্যপূর্ণ নয়। তারা তাদের কর্মকাণ্ড চলমান রাখবে। আর যারা বাস্তবায়ন করছে না বা যাদের প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত সক্ষমতায় ঘাটতি রয়েছে তাদের জন্য উল্লিখিত সময়সীমা প্রযোজ্য হবে।**